দৈনিক ইনকিলাব

তারিখ JAN. 25 .1999.
পৃষ্ঠা 2 কলাম 2

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

নং-ক/প/০২ তারিখ ঃ ১৭-০১-৯৯

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা-এর আওতাধীন কোন জায়গায় ১৯৯৯-২০০০ শিক্ষা বর্ষের জন্য নতুন ইন্টারমিডিয়েট কলেজ প্রতিষ্ঠা অথবা কোন স্বীকৃতিপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক শ্রেণী চালু করতে হলে কিংবা স্বীকৃতিপ্রাপ্ত ও অনুমতিপ্রাপ্ত কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কোন নতুন বিভাগ বা বিষয় খুলতে হলে নির্ধারিত আবেদন ফরমে নির্দিষ্ট হারে ফি জমা দিয়ে আগামী ৩১-০৩-৯৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কাগজপত্রাদিসহ বোর্ডের কলেজ পরিদর্শকের বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

ফি-এর হার নিম্নরূপ এবং ফি-এর টাকা এ বোর্ডের সচিবের অনুকূলে গৃহীত সোনালী ব্যাংক-এর ড্রাফট মাধ্যমে জমা দিতে হবে।

নতুন কলেজ খোলার অনুমতি ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা; স্বীকৃতিপ্রাপ্ত ও অনুমতিপ্রাপ্ত কলেজে/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে নতুন বিভাগ ও বিষয় খোলার ফি যথাক্রমে ৮০০.০০ (আটশত) টাকা (প্রতি বিভাগ) এবং ৩০০.০০ (তিনশত) টাকা (প্রতি বিষয়)।

নতুন কলেজ প্রতিষ্ঠা বা উচ্চ বিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক শ্রেণী খোলার জন্য ইতিপূর্বে যাঁরা আবেদন করেছিলেন, কিন্তু শর্তাদি পূরণ না হওয়ায় যাঁরা অনুমতি পাননি তাঁরাও শর্তাদি পূরণের প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ পুনরায় নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে পারেন। অসম্পূর্ণ ও অনুমতি ফি-এর ড্রাফটবিহীন আবেদন বিবেচিত হবে না।

প্রফেসর মোঃ জয়নাল আবেদীন মিয়া
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
কুমিল্লা।

পি-৬২/৯৯